দৈনিক বাংলা

তারিখ ... 09 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম 2

12

# স্কুলের গম কালো বাজারে বিক্রির দায়ে শিক্ষক গ্রেফতার

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম কালোবাজারে বিক্রিকালে পুলিশ বুধবার একজন স্কুল শিক্ষকসহ দু' জনকে গ্রেফতার করেছে। ধৃত অপরজন একজন রেশন ডিলার।

পুলিশ জানায়, নবাবগঞ্জ থানাধীন দড়িকান্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দকৃত গম উক্ত স্কুলের শিক্ষক আবুল কাশেম ডিলার আবদুল লতিফের যোগসাজশে কালোবাজারে বিক্রি করার সময় এলাকার জনগণ ৯ মন (৪ বস্তা) গমসহ আটক করে পুলিশের কাছে সোপর্দ করে। এ ব্যাপারে ঢাকার নবাবগঞ্জ থানায় মামলা হয়েছে।